

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৩/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ মতিউর রহমান

পিতা-মোঃ নুরুল ইসলাম

গ্রাম-১ নং কলমা

পোস্ট-ডেইরী ফার্ম, থানা-সাভার

জেলা-ঢাকা।।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহজাহান কবীর

ডেপুটি জেনারেল ম্যানেজার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

আশুলিয়া জোনাল অফিস পল্লী বিদ্যুৎ সমিতি-১

সাভার, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান ২৪-০৩-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে ডেপুটি জেনারেল ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), আশুলিয়া জোনাল অফিস পল্লী বিদ্যুৎ সমিতি-১, সাভার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) আশুলিয়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতায় ২০১২-২০১৪ ইং সাল পর্যন্ত বছর ভিত্তিক মোট কত মেগাওয়াট বিদ্যুৎ বরাদ্দ হয়েছে?
- খ) বরাদ্দকৃত বিদ্যুৎ কোন কোন সরবরাহ লাইনে কতটুকু পরিমাণ সরবরাহ করা হয়েছে ও হচ্ছে? আওতাধীন এলাকার নামসহ সম্পূর্ণ বর্ণনা।
- গ) ২০১২-২০১৪ ইং পর্যন্ত বছর ভিত্তিক সুনির্দিষ্টভাবে গ্রাহক আবেদনের পরিমাণ এবং বিদ্যুৎ সংযোগের পরিমাণ ও তাহার সম্পূর্ণ বর্ণনা।
- ঘ) যে সকল কারণে আবেদিত গ্রাহকগণ সংযোগ সুবিধা থেকে বঞ্চিত তাদের পৃথক পৃথক বর্ণনা ও সুবিধা বঞ্চিত গ্রাহকগণের আবেদনপত্রের অবিকল ফটোকপি ও তাদের যোগাযোগের সহজ মাধ্যমসহ মুঠোফোন নম্বর।
- ঙ) ২০১২-২০১৪ ইং পর্যন্ত গ্রাউন্ডিং ইলেক্ট্রো রড/পাইপ এর প্রদানের মোট পরিমাণ এবং সুবিধাকৃত গ্রাহকগণের স্থায়ী ও বর্তমান ঠিকানা সহ অফিস কপি ও মাস্টার কপির ফটোকপি।
- চ) ২০১২-২০১৪ ইং পর্যন্ত সকল গ্রাহকদের নথির স্মারক নং সহ অফিস কপি ও মাস্টার কপির সম্পূর্ণ বিবরণ, সচক্ষে দেখে ফটোকপি।
- ছ) আশুলিয়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ বৈদ্যুতিক কর্মসূচী সম্পন্ন করার জন্য কোন দরপত্র আহবান করা হয়েছিল কিনা? দরপত্র আহবান করা হয়ে থাকলে কোন কোন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে? প্রকাশের তারিখসহ প্রকাশিত বিজ্ঞপ্তির ফটোকপি। দরপত্রে অংশ নিয়ে যেসব ঠিকাদার কাজ পেয়েছেন বা পাচ্ছেন সেইসব ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম, স্থান, মালিকের নাম ও মুঠোফোন নম্বর।
- জ) প্রক্রিয়াধীন সংযোগের পরিমাণ কত? এবং বর্তমানে গুদামে ট্রান্সফরমারের পরিমাণ কতটি ও প্রক্রিয়াধীন সংযোগ প্রাপকদের বর্তমান ঠিকানা সহ মুঠোফোন নম্বর।

(অ:প্:দ্র:)

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২০-০৪-২০১৪ তারিখে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২২-০৫-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান কোন কারণ দর্শানো ব্যতিরেকে গরহাজির। কিন্তু প্রতিপক্ষ জনাব মোঃ শাহজাহান কবীর, ডেপুটি জেনারেল ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), আশুলিয়া জোনাল অফিস পল্লী বিদ্যুৎ সমিতি-১, সাভার, ঢাকা হাজির।

পর্যালোচনা।

যেহেতু, অভিযোগকারী সমন প্রাপ্তির পরও কোন কারণ দর্শানো ব্যতিরেকে গরহাজির, সেহেতু, অভিযোগটি খারিজপূর্বক নিষ্পত্তি করা যেতে পারে।

সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী সমন প্রাপ্তির পরও কোন কারণ দর্শানো ব্যতিরেকে গরহাজির, সেহেতু, অভিযোগটি খারিজপূর্বক নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার